



2016
BENGALI
[GENERAL]
Paper : I

Full Marks : 100

Time : 3 Hours


দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

১। যে-কোনো আটটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও : $2 \times 8 = 16$

- ক) চর্যাপদ কবে, কোথা থেকে গ্রন্থাকারে প্রকাশিত হয়?
- খ) 'মনসামঙ্গল' কাব্যের দুজন কবির নাম লেখো।
- গ) রোসাঙ রাজসভার একজন কবি এবং তাঁর লেখা একটি গ্রন্থের নাম লেখো।
- ঘ) ফোর্ট উইলিয়াম কলেজের তিনজন পণ্ডিতের নাম লেখো।
- ঙ) প্যারীচাঁদ মিত্র রচিত একটি গ্রন্থের নাম লেখো। গ্রন্থটি কখন রচিত হয়?
- চ) 'অক্ষর'-এর সংজ্ঞা দাও। অক্ষর কয় প্রকার?
- ছ) 'মাত্রা' কাকে বলে? উদাহরণ দাও।
- জ) উৎপ্রেক্ষা অলংকার কয়প্রকার ও কী কী?
- ঝ) উপমা অলংকারের উদাহরণসহ সংজ্ঞা দাও।

[Turn over]



- গু) 'রামের মুখটি টাঁদের মতো সুন্দর।' — উদাহরণটিতে
উপমেয় এবং উপমান কোনটি?
- ট) 'সংকর শব্দ' কাকে বলে? উদাহরণ দাও।
- ঠ) লোকনিরক্তি কাকে বলে? উদাহরণ দাও।
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট
ছয়টি প্রশ্নের উত্তর দাও : $6 \times 6 = 36$
- ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির রচয়িতা কে? গ্রন্থটির
আবিষ্কারকের নাম কি? গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
শ্রীকৃষ্ণকীর্তনকে আদি-মধ্য যুগের বাংলা সাহিত্যের প্রথম
নির্দশন হিসেবে গ্রহণ করা যায় কি না — বিচার করো। $1+1+8$
- খ) 'ধর্মমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? এই কাব্যকে রাঢ়ের
জাতীয় কাব্য বলা হয় কেন? $1+5$
- গ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর কবিকৃতিত্ব
সংক্ষেপে আলোচনা করো। $1+5$
- ঘ) কারক ও বিভক্তি কাকে বলে? কারকের প্রকারভেদ
উদাহরণসহ আলোচনা করো। $2+8$
- ঙ) স্বরসঙ্গতি কাকে বলে? স্বরসঙ্গতির প্রকারভেদ আলোচনা
করো। $2+8$
- চ) অপিনিহিতি কাকে বলে? দুটি উদাহরণের সাহায্যে
বিষয়টি বিবৃত করো। $2+8$
- ছ) ছেদ কাকে বলে? যতির সঙ্গে ছেদের পার্থক্য
উদাহরণসহ বুঝিয়ে দাও। $2+8$
- জ) যে-কোনো দুটির উদাহরণসহ সংজ্ঞা দাও: পর্ব ও পর্বান্দ,
শ্঵াসাঘাত, চরণ। $3+3$

- ঝ) উদাহরণসহ একজোড়া অলংকারের তুলনা করো :
যমক ও শ্রেষ্ঠ, অসঙ্গতি ও বিভাবনা। $3+3$
- ঝঃ) 'রূপক' অলংকার কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে
দাও $2+8$
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট
চারটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 8 = 80$
- ক) বাংলা ভাষার আদি নির্দশন কী? গ্রন্থটি কে আবিষ্কার
করেন? গ্রন্থটিতে বর্ণিত সমাজচিত্রের সংক্ষিপ্ত পরিচয়
দাও। $2+8$
- খ) বাংলা উপন্যাসে বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান
কতখানি তা আলোকপাত করো। 10
- গ) সনেট কাকে বলে? উদাহরণসহ সনেটের স্বরূপ ও
বৈশিষ্ট্য আলোচনা করো। $2+8$
- ঘ) স্বরবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও। উদাহরণসহ স্বরবৃত্ত ছন্দের
স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো। $2+8$
- ঙ) শব্দার্থ পরিবর্তন কাকে বলে? উদাহরণসহ শব্দার্থ
পরিবর্তনের বিভিন্ন ধারাগুলি আলোচনা করো। $2+8$
- চ) আদি বাংলার সময়কাল নির্দেশ করো। আদি বাংলার
ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। $2+8$
- ছ) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা দাও। অনুপ্রাস অলংকারের
শ্রেণিবিভাগ উল্লেখ করে উদাহরণসহ আলোচনা করো। $2+8$

- জ) ব্যাজস্তুতি অলংকার কী জাতীয় অলংকার? অলংকারটির
সংজ্ঞা দিয়ে উদাহরণসহ আলোচনা করো। ২+৮
- ৪। যে-কোনো একটির ছন্দলিপি প্রস্তুত করো : $8 \times 1 = 8$
- ক) ‘একথা জানিতে তুমি, ভারত-ঈশ্বর শা-জাহান,
কালঙ্গোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।’
- খ) ‘বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই।
মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই।’
- গ) দেখ নাকি হায় বেলা চলে যায় সারা হয়ে এল দিন!
বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিণীর বীণ।
- ৫। যে-কোনো দুটির অলংকার নির্ণয় করো : $2 \times 2 = 8$
- ক) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।
কোন গুণ নাই তার কপালে আগুন।।
- খ) পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রূটি।
- গ) কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল, সে মরে নাই।
- ঘ) লক্ষ্মার পক্ষজ রবি গেলা অস্তাচলে —।